



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২২.১১৪.২১.৬১৮

তারিখ: ২২ পৌষ ১৪২৮

০৬ জানুয়ারি ২০২২

বিষয়: লালমনিরহাট জেলার উত্তর বাংলা কলেজের প্রভাষক জনাব মোঃ আসাদুজ্জামানের বেতন কোড সংশোধন

লালমনিরহাট জেলার উত্তর বাংলা কলেজের প্রভাষক জনাব মোঃ আসাদুজ্জামানের বেতন কোড সংশোধন করার লক্ষ্যে অধ্যক্ষ আবেদন করেছেন।

আবেদনের বর্ণনা: জনাব মোঃ আসাদুজ্জামান, মনোবিজ্ঞান বিষয়ের প্রভাষক হিসেবে ২৩/০৬/২০১০খ্রি. তারিখে যোগদান করে নভেম্বর/২০১০ মাসে এমপিওভুক্ত হন। ইনডেক্স নং ৩০৮২৩২৭। প্রভাষক হিসেবে তার বেতন কোড ০৯ হওয়ার কথা। কিন্তু ভুলক্রমে প্রথম থেকে বেতন কোড ০৮ হয়। তিনি বিধি মোতাবেক ০৯ কোডে বেতন ভাতা গ্রহণ করেন। বেতন বিবরণী ও ব্যাংক প্রত্যয়ন সংযুক্ত আছে। তার বেতন কোড ০৮ এর পরিবর্তে ০৯ হওয়া প্রয়োজন।

এমতাবস্থায়, উক্ত শিক্ষকের প্রথম এমপিওভুক্তি থেকে সর্বশেষ এমপিও ইনডেক্স এর তথ্য, নিয়োগ সংক্রান্ত তথ্য এবং এমপিও এর আবেদন সংক্রান্ত তথ্য প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬-১-২০২২

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

অধ্যক্ষ, উত্তর বাংলা কলেজ, লালমনিরহাট।